

27 OCT 2013

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ ও বন মন্ত্রণালয়

বন অধিশাখা-২

নং-পবম/ বন শা-২/০২/জাতীয় উদ্যান/১০/২০১০/৫১১

প্রজ্ঞাপন

বাংলাদেশ বন্যপ্রাণী (সংরক্ষণ) (সংশোধন) আইন ১৯৭৪ ইং এর ধারা ২৩ (৩) এর প্রদত্ত ক্ষমতাবলে দিনাজপুর জেলার নিম্ন তফশীলে বর্ণিত সংরক্ষিত বনভূমিতে উদ্ভিদ, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ এবং পর্যটন সুবিধাদি উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ গেজেটে প্রকাশের তারিখ হতে 'সিংড়া জাতীয় উদ্যান' হিসেবে ঘোষণা করা হলোঃ

'তফশীল'

জেলা	উপজেলা	রেঞ্জ	বিট	মৌজা	বনভূমির পরিমাণ (হেক্টর)	বনের শ্রেণী
দিনাজপুর	বীরগঞ্জ	ঠাকুরগাঁও ফরেস্ট রেঞ্জ	সিংড়া	ডালগ্রাম, চাউলিয়া সিংড়া ও নর্ডনদী।	৩০৫.৬৯	সংরক্ষিত বন

টোহদীর বিবরণ

- উত্তর : দিনাজপুর-পঞ্চগড় মহাসড়ক।
দক্ষিণ : পীরগঞ্জ-বীরগঞ্জ সংযোগ সড়ক।
পূর্ব : কাহারোল উপজেলা।
পশ্চিম : ঠাকুরগাঁও সদর উপজেলা।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(ড. মিহির কান্তি মজুমদার)
সচিব

উপ নিয়ন্ত্রক

বাংলাদেশ সরকারি মুদ্রণালয়

তেজগাঁও, ঢাকা।

(পরবর্তী গেজেটে প্রকাশ করতঃ ৫০ (পঞ্চাশ) কপি মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধ করা হলো)

নং-পবম/ বন শা-২/০২/জাতীয় উদ্যান/১০/২০১০/৫১১(৯)

তারিখ : ২৪ অক্টোবর ২০১০

১. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪. প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫. জেলা প্রশাসক, দিনাজপুর।
৬. বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, বগুড়া।
৭. বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
৮. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়।
৯. বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, দিনাজপুর।

জাহান আরা বেগম
২৪-১০-১০
উপ-সচিব